DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 03:35 AM

খেলা

# আইসিসি টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়ের শীর্ষে আবার পরিবর্তন

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ২৬ জুলাই ২০২৬, ০৫:০৪ PM




ছবি: সংগৃহীত

আইসিসি পুরুষদের টি-টোয়েন্টি দলগত র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থানে ফের পরিবর্তন হলো। ভারত আবার এক নম্বর জায়গা ফিরে পেয়েছে।

জিম্বাবুয়ের বিপক্ষে এক ম্যাচ হাতে রেখে সিরিজ জিতেছে ভারত। দ্বিতীয় টি-টোয়েন্টিতে ৯০ রানের জয় আবার তাদের শীর্ষে নিয়ে গেছে।

ইংল্যান্ডকে পেছনে ফেলেছে ভারত। জিম্বাবুয়ে সফরের আগে ইংল্যান্ডের মাটিতে টি-টোয়েন্টি সিরিজে ৪-০ তে হেরে যায় তারা। তাতে শীর্ষে উঠে যায় ইংলিশরা। টানা ছয় ম্যাচ হারের পর জিম্বাবুয়ের মুখোমুখি হয়েছিল ভারত। সেই ক্ষত তারা সেরে তুলেছে টানা দুই ম্যাচ জিতে।

গতকাল (শনিবার) হারারেতে ইশান কিষাণের ইনিংস সেরা ৮১ রান ও তিলক ভার্মার ২৯ বলে অপরাজিত ৬০ রানে ভারতের স্কোর হয় ২১৯। জবাবে জিম্বাবুয়ে মাত্র ১২৯ রানে অলআউট হয়।

## এ বিভাগের আরও খবর




### তৃতীয় দিনের প্রথম সেশন শেষে বাংলাদেশের লিড ২১৯

মেহেদী হাসান মিরাজের ছক্কায় তৃতীয় দিনের প্রথম সেশন শেষ করল বাংলাদেশ। লাঞ্চের আগে অস্ট্রেলিয়ার বিপক্ষে বাংলাদেশের লিড দাঁড়িয়েছে ২১৯ রানের। ১৩...




### মিরাজের ফিফটিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে ৪০০ পেরোল বাংলাদেশ

ডারউইনের মারারা স্টেডিয়ামে অস্ট্রেলিয়ার বিপক্ষে দারুণ নিয়ন্ত্রণে রয়েছে বাংলাদেশ। দলীয় সংগ্রহ ৪০০ রান পেরিয়েছে। একই সঙ্গে লিডও ছাড়িয়েছে ২০০ র...




### অস্ট্রেলিয়ার মাটিতে তানজিদের ইতিহাসগড়া সেঞ্চুরি

অবশেষে সঙ্গী পেলেন শাহরিয়ার নাফিস। শেষ হলো তাঁর ২০ বছরের অপেক্ষা। একই সঙ্গে অপেক্ষার অবসান হলো বাংলাদেশেরও।অস্ট্রেলিয়ার বিপক্ষে সেঞ্চুরি করা...




**সাকিবকে পেছনে ফেলে অনন্য কীর্তি গড়লেন মুশফিক**

ডারউইনে বাংলাদেশ-অস্ট্রেলিয়া টেস্ট শুরু হয়েছে বৃহস্পতিবার। এই ম্যাচের মধ্য দিয়ে কমপক্ষে ১০০ টেস্ট খেলা ক্রিকেটারদের মধ্যে প্রথম বাংলাদেশি হি...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/sports/aisisi-ti-toyenti-rjangkingyer-shirshe-abar-pribrtn